

তীব্র গরমে অনলাইন ক্লাসে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৪:০৫, ২১ এপ্রিল ২০২৪; আপডেট: ১৪:০৬, ২১ এপ্রিল ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়। ফাইল ফটো

তীব্র গরমের কারণে শিক্ষার্থীদের সুরক্ষার কথা বিবেচনায় নিয়ে অনলাইন ক্লাসে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) কর্তৃপক্ষ। এই সময়ে চলমান পরীক্ষাগুলো অনুষ্ঠিত হবে।

রবিবার (২১ এপ্রিল) দুপুরে বিশ্ববিদ্যালয়ের একটি জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর সিদ্ধান্তের বিষয়টি নিশ্চিত করেছে।

একটি বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার জানান, প্রবহমান তীব্র তাপদাহের (হিট ওয়েভ) কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। বর্তমানে প্রচলিত ১০ শতাংশ অনলাইন ক্লাসের পরিবর্তে শতভাগ অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে এবং পরীক্ষাসমূহ চলমান থাকবে।

তিনি আরও বলেন, এ ক্ষেত্রে কোনো শিক্ষার্থী হল অথবা বাসার বাইরে আসতে চাইলে স্বাস্থ্যঝুঁকি এড়াতে নিম্নোক্ত স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সঙ্গে চলাফেরার জন্য পরামর্শ দেওয়া

হলো।

নির্দেশনাগুলো হলো

শিক্ষার্থীদের সাদা বা হালকা রঙের টিলেঢালা সুতির পোশাক পরিধান করা। যথাসম্ভব ছায়াযুক্ত স্থানে থাকা। বাইরে যেতে হলে মাথার জন্য চওড়া কিনারাযুক্ত টুপি-ক্যাপ বা ছাতা ব্যবহার করা। বিশুদ্ধ পানি পান করা; প্রয়োজনে লবণযুক্ত তরল যেমন- খাবার স্যালাইন ইত্যাদি পান করা।

তাপমাত্রা বৃদ্ধিকারী পানীয় যেমন-চা ও কফি পান থেকে বিরত থাকা।

এসআর